গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
পৌর-২ শাখা
www.lgd.gov.bd

গণভোট ২০২৬
সংসদ নির্বাচন
দেশের চাবি
আপনার হাতে

নং -৪৬.০০.০০০০.০০০.০৬৪.৩২.২১৪.২০- ১৪

তারিখঃ ২৯ পৌষ ১৪৩২ / ১৩ জানুয়ারি ২০২৬

বিষয়: গাইবান্ধা জেলার পলাশবাড়ী পৌরসভাকে “গ” শ্রেণি হতে “খ” শ্রেণিতে উন্নীতকরণ সংক্রান্ত।

সূত্র: পলাশবাড়ী পৌরসভা কার্যালয়ের পত্র নং-৯৫৪, তারিখ: ১০/১২/২০২৫ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রোস্থ পত্রের পরিপ্রেক্ষিতে, গাইবান্ধা জেলার পলাশবাড়ী পৌরসভা হতে প্রাপ্ত কাগজপত্রাদি প্রেরণপূর্বক নিম্নোক্ত হালনাগাদ তথ্যাদি সরেজমিন যাচাইপূর্বক শ্রেণি উন্নীতকরণের বিষয়ে সুস্পষ্ট মতামতসহ প্রতিবেদন প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলোঃ

(ক) পৌরসভা সরকারী সাহায্য বা অনুদান ব্যতীত বিগত ৩(তিন) অর্থ বছরের খাতওয়ারী রাজস্ব আয়ের বিবরণী ও ৩(তিন) বছরের মোট আয়-ব্যয় এবং গড় আয়-ব্যয়;
(খ) বিগত ৩(তিন) অর্থ বছরের হোল্ডিং ট্যাক্সের দাবী ও আদায়ের পরিমাণ (শতকরা হারসহ);
(গ) পৌর কর্মকর্তা-কর্মচারীদের বেতন-ভাতা ও আনুতোষিক বকেয়া আছে কিনা;
(ঘ) স্থানীয় বিদ্যুৎ অফিস কর্তৃক বিদ্যুৎ বিল পরিশোধ করা হয়েছে কিনা;
(ঙ) বর্ণিত পৌরসভা শ্রেণি পরিবর্তন হলে অর্গানোগ্রাম অনুযায়ী কর্মকর্তা/কর্মচারী পদায়ন করা হলে তাদের বেতন-ভাতা প্রদানে সক্ষম হবে কিনা;
(চ) ‘খ’ শ্রেণিতে উন্নীত করা হলে রাজস্ব আয় থেকে বেতন-ভাতা প্রদানের ক্ষেত্রে রাজস্ব ঘাটতি ঘটবে কিনা;
(ছ) নিয়মিত আনুতোষিক কর্তন করা হয় কিনা এবং কর্মকর্তা-কর্মচারীদের পৃথক একাউন্ট আছে কিনা;
(জ) বিএমডিএফ এর কোন ঋন রয়েছে কিনা; এবং
(ঝ) বিগত ০৩(তিন) বছরে কর্মকর্তা-কর্মচারীদের নিয়মিত বেতন-ভাতা, পিএফ ও জিএফ এর অর্থ পরিশোধের প্রমাণক সরবরাহ।

সংযুক্তিঃ বর্ণনামতে।

১৩.০১.২৬

(মোঃ মোশারেফ হোসেন)
সিনিয়র সহকারী সচিব
ফোন: ০২-২২৩৩৫৫৫৭২
e-Mail: lgpaura2@lgd.gov.bd

জেলা প্রশাসক
গাইবান্ধা।

অনুলিপি:

১. অতিরিক্ত সচিব (নগর উন্নয়ন), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. যুগ্মসচিব (নগর উন্নয়ন-২), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. প্রশাসক, পলাশবাড়ী পৌরসভা, গাইবান্ধা।
৫. সিস্টেম এনালিস্ট, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।